

📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬৪]

২। তাহরাহ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৭. ইস্তিঞ্জার বিবরণ।

باب الإِسْتِطَابَةِ

আরবী

وَحَدَّثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَابْنُ، نُمَيْرٍ قَالَا حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، ح قَالَ وَحَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، - وَاللَّفْظُ لَهُ - قَالَ قُلْتُ لِسُفْيَانَ بْنِ عُيَيْنَةَ سَمِعْتَ الزُّهْرِيَّ، يَذْكُرُ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ، عَنْ أَبِي أَيُّوبَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " إِذَا أَتَيْتُمُ الْغَائِطَ فَلَا تَسْتَقْبِلُوا الْقِبْلَةَ وَلَا تَسْتَدْبِرُوهَا بِبَوْلٍ وَلَا غَائِطٍ وَلَكِنْ شَرِّقُوا أَوْ غَرِّبُوا " . قَالَ أَبُو أَيُّوبَ فَقَدِمْنَا الشَّامَ فَوَجَدْنَا مَرَا حِضْرَ قَدْ بُنِيَتْ قَبْلَ الْقِبْلَةِ فَنَنْحَرِفُ عَنْهَا وَنَسْتَغْفِرُ اللَّهَ قَالَ نَعَمْ .

বাংলা

৪৯৭-(৫৯/২৬৪) যুহায়র ইবনু হারব ও ইবনু নুমায়র (রহঃ) আবু আইয়ুব (রাযিঃ) হতে বর্ণিত। নবী বলেছেন সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমরা প্রস্রাব বা পায়খানায় গেলে কিবলার দিকে মুখ করে কিংবা কিবলাহ পেছনে রেখে বসো না বরং পূর্ব কিংবা পশ্চিম দিকে মুখ করে বস।

আবু আইয়ুব বলেছেন, এক সময় আমরা শাম দেশে (সিরিয়ায়) গেলে দেখলাম, তাদের পায়খানাগুলো কিবলামুখী করে নির্মিত। কাজেই আমরা ঘুরে বসতাম এবং আল্লাহর কাছে ইসতিগফার করতাম। জবাবে সুফইয়ান বললেন, হ্যাঁ (আমি তার নিকট থেকে এ হাদীসটি শুনেছি)। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫০০, ইসলামিক সেন্টারঃ ৫১৬)

English

Chapter: Cleaning oneself after relieving oneself

Abu Ayyub reported: The Apostle of Allah (ﷺ) said: Whenever you go to the desert, neither turn your face nor turn your back towards the Qibla while answering the call of nature, but face towards the east or the west. Abu Ayyub said: When we came to Syria we found that the latrines already built

there were facing towards the Qibla. We turned our faces away from them and begged forgiveness of the Lord. He said: Yes.

হাদিসের শিক্ষা

হাদীসের শিক্ষা

১. পেশাব-পায়খানার সময় কিবলামুখী হয়ে বা কিবলার দিকে পিছন দিয়ে থাকা নিষেধ। অধিকাংশ আলেম এ নিষেধাজ্ঞাকে হারাম হিসেবে ধরেছেন। এ মতের পক্ষে ছিলেন, সাহাবী আবু আইয়ুব আল আনসারী রাদিয়াল্লাহু 'আনহু, মুজাহিদ, নাখায়ী, সাওরী, ইবন হাযম, ইবন তাইমিয়াহ, ইবনুল কাইয়্যেম প্রমুখ
২. এ নিষেধাজ্ঞা ঘর কিংবা খালিস্থান উভয়কে অন্তর্ভুক্ত করে।
৩. কা'বার সম্মান ও মর্যাদা প্রতিষ্ঠাকরণ।
৪. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উত্তম শিক্ষাদান পদ্ধতি। তিনি নিষিদ্ধ জিনিস জানানোর পরে যা করা বৈধ তা জানিয়ে দিলেন।
৫. পেশাব ও পায়খানা অবস্থায় সূর্য কিংবা চন্দ্রের মুখোমুখী হয়ে বসা কিংবা পিছন দিয়ে বসা বৈধ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু আইয়ুব আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47255>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন